COAST Coastal Association for Social Transformation Trust

মাসিক জলবায়ু সংবাদ পরিক্রমা

৫ম সংখ্যা, সেপ্টেম্বর-২০১৮

দশমিনায় জলবায়ু ফোরামের সামাজিক উদ্যোগ

জলবায়ু পরিবর্তন এর কারনে সৃষ্ট যে সকল প্রাকৃতিক দূর্যোগ প্রতি বছর স্থানীয় পর্যায়ে মারাত্তক আকার ধারন করে তারমধ্যে বজ্রপাত অন্যতম। শুধু

iv¯Ív `B cv‡k Zv‡j i exR †ivcb KgmPx i D‡`vab K‡ib Rbve, ïåv `vk, Dc‡Rjv wbevnx Awdmvi, `kwgbv, cUqvLvjx

এই প্রাকৃতিক দূর্যোগের কারনেই প্রতিবছর এই সকল উপকূলীয় অঞ্চলে অসংখ্য মানুষ ও গবাদি পশুর মৃত্যু হয়। এই দূর্যোগ মোকাবেলায় সরকার ঘোষিত কর্মসূচির পাশাপাশি স্থানীয় উদ্যোগকে আরো বেশি শক্তিশালী করতে পটুয়াখালী জেলার দশমিনা উপজেলায়, জলবায়ু ফোরাম ও তরঙ্গা খেলাঘর কতৃক সদর ইউনিয়নের হাজীরহাট রাস্তার ২ পাশে প্রায় ২ কি:মি: ব্যাপী ৭০০ তালের বীজ রোপন করে এবং স্থানীয় হাজীর হাট মাধ্যমিক বিদ্যালয়ে একটি সচেতনতামূলক আলোচনা সভার আয়োজন করে।উক্ত বৃক্ষ রোপন কর্মসূচির উদ্বোধন করেন জনাব শুভ্রা দাশ,উপজেলা নির্বাহী অফিসার,দশমিনা এই সময় বিদ্যালয়ের শিক্ষক, ছাত্র ছাত্রী,রাজনৈতিক ব্যাক্তি বর্গ,নাগরিক সমাজ এর প্রতিনিধি, স্থানীয় জনসাধারন সহ অনেকেই উপস্থিত ছিলেন এবং প্রত্যেকেই তালের বীজ রোপন করেন।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে জনাব শুভ্রা দাশ বলেন এই ধরনের উগ্যোগ আরো ১০ বছর আগে নিতে পারলে এত ক্ষয়ক্ষতির স্বীকার হতে হতো না হাজীর হাট বাসীকে,এভাবে নদীর গর্ভে বিলীন হতো না তাদের বিস্তর জায়গা জমি।এটা অত্যান্ত চমৎকার এবং সময় উপযোগী একটি সামাজিক উদ্যোগ এটাকে ছড়িয়ে দিতে হবে পুরো উপজেলায়, স্থানীয় পর্যায়ে এই ধরনের উদ্যোগ গ্রহন করলে আমরা প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলা করতে পারবো খুব সহজেই।তিনি বিদ্যালয়ের শিক্ষক,ছাত্র ছাত্রী এবং স্থানীয় নাগরিকদের প্রতি আহবান জানান এই তালের চারাগুলোর প্রতি যত্ন নেয়ার এবং আরো এই ধরনের উদ্যোগ গ্রহন করার।

জলবায়ু ফোরাম,দশমিনা উপজেলা সভাপতি পিএম রায়হান বাদল বলেন জলবায়ু ফোরাম সর্বদাই চেষ্টা করে যাচ্ছে সাধারন মানুষকে সচেতন করতে এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলায় সরকারি বেসরকারি বিভিন্ন কর্মসূচীতে তাদের অংশগ্রহন নিশ্চিত করতে। তিনি উপস্থিত সকলকে এই গাছগুলো রক্ষনা বেক্ষনের প্রতি গুরুত্ব দেয়ার আহবান জানান এবং এই ধরনের উদ্যোগ গ্রহনের প্রতি আহবান জানান যেনো কোন রাস্তাই পরিত্যাক্ত অবস্থায় পতিত না থাকে।

জলবায়ু অর্থায়ন ও টেকসই উন্নয়নে জনগনের কাছে তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করতে হবে

কোস্ট ও ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় পটুয়াখালী,ভোলা ও কক্সবাজার জেলায় ও বিভিন্ন উপজেলায় জলবায়ু ফোরাম গত ২৮ সেপ্টম্বর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০১৮ উদযাপন করে।দিবসটি উপলক্ষ্যে আয়োজিত র‌্যালি ও আলোচনা সভায় জলবায়ু ফোরামের নেতৃবৃন্দরা ‘ Rjevq A_vqb I †UKmB Dbœqb RbM‡bi Kv‡Q Z‡_¨i Aeva cevn wbwðZ Ki‡Z n‡eÕÕ দাবি উপস্থাপন করেন এবং আলোচনা সভা শেষে জেলা প্রশাসকের কাছে দাবি বাস্তায়নের নিমেত্তে স্বারকলিপি প্রদান করেন। জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত আর্ন্তজাতিক তথ্য অধিকার দিবস-২০১৮ উৎযাপন উপলক্ষে র‌্যালি,আলোচনা সভায় সরকারি,বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি,সাংবাদিক,সুশিল সমাজ,যুব প্রতিনিধি,জলবায়ু ফোরামের নেতৃবৃন্দ,শিক্ষক প্রতিনিধি,ছাত্র ছাত্রী সহ অনেকেই অংশ গ্রহন করেন।

cUqvLvjx: সকাল ৯.০০টায় জেলা সার্কিট হাউজ,পটুয়াখালী এর সামনে থেকে র‌্যালি শুরু হয়ে জেলা প্রশাসনের কার্যালয় এর সামনে শেষ হয়,র‌্যালি পরবতী আলোচনা সভায় বক্তাগন আর্ন্তজাতিক তথ্য অধিকার দিবস,২০১৮ এর গুরুত্ব আলোকপাত করেন। তারা বলেন অবাধ তথ্য প্রবাহের মধ্য দিয়ে টেকসই উন্নয়ন সম্ভব,স্বচ্ছতা আনতে হলে তথ্য উম্মুক্ত করতে হবে এবং যে

‡Rjv ckvmK W. †gv: gvQgi ingvb Gi †bZ‡Z mwKU nvDR †_‡K i¨wj ïi nq, ‡Rjv ckvm‡bi Kvhvj‡q wM‡q †kl nq|

কেউ তথ্য চাইলে তা প্রদান করতে হবে।

আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে জলবায়ু ফোরাম,পটুয়াখালী, সাধারন সম্পাদক রাইমা মিমি বলেন - সরকারের বিভিন্ন উন্নয়নকর্মকান্ডসমূহগুলোর কার্যকারিতা বৃদ্ধিতে জনঅংশগ্রহন ও তথ্যের অবাধ প্রবাহ অত্যন্ত গুরুত্বপুর্ন ভূমিকা রাখবে বলে আমাদের বিশ্বাস।যেহেতু জনগনই এর প্রধান উপকারভোগী তাই জলবায়ু পরিবর্তন সম্পর্কিত সকল অর্থনৈতিক উন্নয়ণ কর্মকান্ডের অবাধ তথ্য প্রবাহ জনগনের কাছে নিশ্চিতের প্রয়োজনীয়তা অনুভব থেকে জলবায়ু ফোরাম আজকে পটুয়াখালী জেলায় সরকার এবং অন্যান্য সকল স্টেহোল্ডারদের অংশগ্রহনে তথ্য অধিকার দিবস-২০১৮ উদযাপন করছে।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জনাব মো: হেমায়েত উদ্দিন বলেন, জনগনকে তার অধিকার সম্পর্কে সচেতন হতে হবে।জনগন তার অধিকার

Av‡jvPbv mfv †k‡l †Rjv ckvm‡Ki Kv‡Q ¯viKwjwc c`vb K‡ib cUqvLvjx †Rjv Rjevq †dvivg‡gi mv: m¤úv`K ivBgv wgwg|

প্রদানের মাধ্যমে তথ্যের অবাধ প্রবাহের মাধ্যমে দুনীতি হ্রাস করতে পারবে। জেলা প্রশাসক ড. মো: মাছুমুর রহমান বলেন, জেলা প্রশাসনের কার্যালয় সহ সকল সরকারি দপ্তরে তথ্য কর্মকর্তা নির্ধারন করা হয়েছে, জনগন যেনো তথ্য পেতে কোন হয়রানির স্বীকার না হয় সেদিকে প্রশাসন সচেস্ট রয়েছে। বর্তমান সময়ে তথ্য চাইলে ও লুকিয়ে রাখা যায়না ,তথ্য আদান প্রদান এর মাধ্যমে কাজের স্বচ্ছতা বাড়ে, গুনগতমান বৃদ্ধি পায়। এ ব্যাপরে বর্তমান সরকারের আন্তরিকতা ও উদারনীতি ইতিমধ্যে সর্বমহলে প্রশংসনীয়।

আলোচনা সভা শেষে জলবায়ু ফোরামের সদস্যরা তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করা সহ বিভিন্ন দাবীর প্রেক্ষিতে মাননীয় জেলা প্রশাসক ড. মো: মাছুমুর রহমান এর নিকট স্বারকলিপি প্রদান করেন।

এছারাও পটুয়াখালী জেলার দশমিনা ও বাউফল উপজেলায় পৃথক পৃথকভাবে দিবসটি উদযাপন করা হয়েছে,সরকারি বেসরকারি বিভিন্ন দপ্তরের প্রতিনিধি,নাগরিক সমাজ, যুব সমাজ,সাংবাদিক, শিক্ষক প্রতিনিধি সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষের অংশগ্রহনে র‌্যালি ও আলোচনা সভা আয়োজন করা হয় এবং স্বারকলিপি প্রদান করা হয়।

‡fvjv: জেলা প্রশাসক জনাব,মো: মাসুদ আলম সিদ্দিক এর নেতৃত্বে প্রশাসনের সর্বস্তরের কর্মকর্তা,সুশীল সমাজের প্রতিনিধি,সাংবাদিক,বিভিন্ন

‡Rjv ckvmK Rbve ‡gv: gvm` Avjg wmwÏK Gi †bZ‡Z †Rjv ckvmb Kvhvjq †_‡K i¨vwj ïi n‡q Avevi GLv‡b G‡mB †kl nq|

স্কুল,কলেজের শিক্ষক, ছাত্র-ছাত্রীবৃন্ধ,এনজিও প্রতিনিধি এবং জলবায়ু ফোরামের নেতৃবৃন্দদের অংশগ্রহনে ভোলা জেলা প্রশাসকের কার্যালয় এর সামনে থেকে সকাল ১০ টায় র‌্যালিটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক

Av‡jvPbv mfv †k‡l †Rjv ckvm‡Ki Kv‡Q ¯viKwjwc c`vb K‡ib ‡fvjv †Rjv Rjevq †dvivg‡gi mn-mfvcwZ †gRevn DwÏb|

প্রদক্ষিন করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এসে শেষ হয়। র‌্যালি পরবর্তী আলোচনা সভায় বক্তাগন আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, এর গুরুত্ব আলোকপাত করেন। তারা বলেন তথ্যের অবাধ প্রবাহই সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতার মূল কথা।

জেলা জলবায়ু ফোরামের সহ-সভাপতি মেজবাহউদ্দিন বলেন যে কোনো তথ্য আদান প্রদান যত সহজ হবে ততই স্বচ্ছতা বৃদ্ধি পাবে। জনগন যেনো যে কোনো প্রতিষ্ঠান হতে সহজে তথ্য পেতে পারে তার জন্য সরকারি কর্মকর্তাদের সহযোগিতা অত্যান্ত প্রয়োজন।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক জনাব মোঃ মাসুদ আলম ছিদ্দিক বলেন,বাংলাদেশ সরকার তথ্য অধিকার আইন ২০০৯ পাস করেছে।সরকারি বেসরকারি সকল দপ্তর ও অফিস যেকোনো তথ্য জনগন চাইলে দিতে বাধ্য।তবুও যদি কোনো দপ্তর তথ্য দিতে না চায় তাহলে আপিল করার সুযোগ রয়েছে। আজকের দিনে সকল দপ্তর ও অফিস গুলোকে তথ্যেও অবাধ প্রবাহ নিশ্চিতে আহবান জানাচ্ছি।

আলোচনা সভা শেষে জলবায়ু ফোরামের সদস্যরা তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করা সহ বিভিন্ন দাবীর প্রেক্ষিতে মাননীয় জেলা প্রশাসক জনাব মো: মাসুদ আলম ছিদ্দিক এর নিকট স্বারকলিপি প্রদান করেন।

এছারাও ভোলা জেলার চরফ্যাশন,বোরহানউদ্দিন ও তজুমদ্দিন উপজেলায় পৃথক পৃথকভাবে দিবসটি উদযাপন করা হয়েছে,সরকারি বেসরকারি বিভিন্ন দপ্তরের প্রতিনিধি,নাগরিক সমাজ, যুব সমাজ,সাংবাদিক, শিক্ষক প্রতিনিধি সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষের অংশগ্রহনে র‌্যালি ও আলোচনা সভা আয়োজন করা হয়।

K·evRvi: আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০১৮ আয়োজন উপলক্ষ্যে র‌্যালি, জনাব মো: আশরাফ হোসেন, এডিসি শিক্ষা ও আইসিটি, কক্সবাজার এর নেতৃত্বে সকাল ১০ টায় জেলা প্রশাসকের কার্যালয় এর সামনে থেকে প্রধান প্রধান সড়ক প্রদক্ষীন করে শহীদ মিনার চত্বর হয়ে জেলা প্রশাষকের কার্যালয় এর সামনে শেষ হয়। জলবায়ু ফোরেমর সহযোগিতায় অনুষ্ঠিত র‌্যালিতে বিভিন্ন সরকারি-বেসকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি,রাজনৈতিক ব্যাক্তিত্ব, নাগরিক সমাজের প্রতিনিধি সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ আংশগ্রহন করেন এই সময় জলবায়ু ফোরামের নেতৃবৃন্দরা সকলের মাঝে লিফলেট বিতরণ করেন।

চকরিয়া উপজেলায় সকাল ১০টায় জনাব রতন কান্তি পাল উপজেলা প্রশাসন এর নেতৃত্বে র‌্যালি অনুষ্ঠিত হয়। র‌্যালিটি উপজেলা চত্বর থেকে শুরু হয়ে আদালত রোড হয়ে উপজেলা প্রশাসনে কার্যালয়ের সামনে এসে সমাপ্ত হয়।টেকনাফ উপজেলা প্রশাসনের আয়োজনে জলবায়ু ফোরামের সহযোগিতায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০১৮ পালিত হয়েছে। সকাল ১০টায় উপজেলা পরিষদ থেকে একটি র‌্যালী বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পরে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় টেকনাফ উপজেলা সহকারী কমিশনার, ভূমি ও নির্বাহী ম্যাজিস্টেট প্রণয় চাকমা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এছারাও বিভিন্ন

‡UKbvd Dc‡Rjv mnKvix Kwgkbvi fwg I wbevnx g¨wR‡÷U cYq PvKgvi †bZ‡Z i¨wj AbwôZ

সরকারি বেসরকারি দপ্তরের প্রতিনিধি, সাংবাদিক, সুশীল সমাজ, শিক্ষক ও এনজিও সংস্থার কমীগন উপস্থিত ছিলেন। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, জলবায়ু অর্থায়ন ও টেকসই উন্নয়নে জনগণের কাছে তথ্যের অবাধ প্রবাহ অবশ্যই নিশ্চিত করতে হবে। জনগণের তথ্য অধিকার নিশ্চিত হলে সরকারী, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারী ও বিদেশী অর্থায়নে সৃষ্ট বেসরকারী সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে। ফলে দুর্নীতি কমে যাবে এবং সু-শাসন প্রতিষ্ঠিত হবে।

ইন্ডেপেন্ডেন্ট কমিশন ফর এইড ইমপ্যাক্ট দলের কক্সবাজার সিএফটিএম কার্যক্রম পরিদর্শন

কোস্ট কক্সবাজার আঞ্চলিক অফিসে পরিদর্শনকারীদের সাথে জলবায়ু ফোরামের নেতৃবৃন্দ ও প্রকল্পের সহকর্মীদের মত বিনিময় সভা অনুষ্ঠিত।

ইন্ডেপেন্ডেন্ট কমিশন ফর এইড ইমপ্যাক্ট (আইসিএআই) এর দুই সদস্য বিশিষ্ট একটি পরিদর্শনকারী দল গত ৫ সেপ্টেম্বর ২০১৮ কক্সবাজার সিএফটিএম প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন এবং প্রকল্পের সাথে সম্পৃক্ত বিভিন্ন পর্যায়ের স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় সভা করেন। পরিদর্শন টিমের সদস্য মিস চারলোট্রে রুইটিঞ্জা এবং ডানিয়েল সিলভার কোস্ট কক্সবাজার আঞ্চলিক অফিসে প্রকল্পের সহকমী ও জলবায়ু ফোরামের সদস্যবৃন্দ , চৌফলদন্ডি ইউনিয়নে ইউনিয়ন পরিষদবর্গ এবং কক্সবাজার জেলার কৃষি সম্প্রসারণ দপ্তরের উপ-পরিচালকের সাথে স্ব-স্ব কার্যালয়ে এই মতবিনিময় সভাগুলো করেন। সকাল ৯টায় কোস্ট কক্সবাজার আঞ্চলিক অফিসে অনুষ্ঠিত সভায় সিএফটিএম প্রকল্পের কমী, জলবায়ু ফোরামের সদস্যবৃন্দ, সিএফটিএম প্রকল্পের ফোকাল পারসন সৈয়দ আমিনুল হক, কোস্ট ট্রাস্ট-এর নির্বাহী পরিচালক জনাব রেজাউল করিম চৌধুরী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। নির্বাহী পরিচালক রেজাউল করিম চৌধুরী বলেন, কোস্ট সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদেরকে কোস্টের বিভিন্ন সভা, সেমিনারে আমন্ত্রণ জানায়। তিনি বলেন, আমরা সরকারী কর্মকর্তাদের সাথে সুসম্পর্ক বজায় রাখি এবং তাঁদের কাছে কোস্টের কার্যক্রম তুলে ধরি কিন্তু কোস্টের নীতিগত পলিসি বিষয়ে আপোষ করে নয়। চৌফলদন্ডি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওয়াজ করিম বাবুল পরিদর্শন টিমকে জানান সিএফটিএম প্রকল্পের সাথে আমাদের অভিজ্ঞতা বিনিময় সভা হওয়ার প্রেক্ষিতে আমরা জলবায়ু ট্রাস্ট ফান্ড,রেজিলিয়েন্স ফান্ড এবং স্থানীয় পর্যায়ে জলবায়ু অর্থায়নের প্রক্রিয়াগুলো সম্পর্কে জানতে পেরেছি তারই পেক্ষিতে এখন আমরা বরাদ্দ বৃদ্ধির জন্য জেলা ও উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় লবিং করছি,আমরা জলবায়ু পরিবর্তন মোকাবেলায় আমাদের স্থানীয় সমস্যাগুলো চিহ্নিত করার স্বক্ষমতা অর্জন করেছি আমরা নিজেদের উদ্যোগে ইতিমধ্যে তার কিছু কিছু বাস্তায়নও করছি।
ইউনিয়ন পরিষদ বর্গের সাথে আলোচনা শেষে দুপুর ১২.৩০মি: আইসিএআই দল কক্সবাজার কৃষি সম্প্রসারন অধিদপ্তরের উপ পরিচালককে জনাব এ কে এম শাহরিয়রের সাথে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন এবং প্রকল্পের কার্যক্রম ও পারস্পারিক বিভিন্ন বিষয় সমূহ নিয়ে আলোচনা করেন।

স্থানীয় পর্যায়ে জলবায়ু অর্থায়নের প্রয়োজনীয়তা মূল্যায়নে ইউনিয়ন পর্যায়ে সংলাপ

ভোলার তজুমদ্দিন উপজেলার শম্ভুপুর ইউনিয়নে জলবায়ু পরিবর্তন ধারনা এবং আমাদের ভবিষ্যতে করনীয় শীর্ষক সভা অনুষ্ঠিত

ভোলা জেলায় গত ৫ ও ৬ সেপ্টেম্বর ২০১৮তারিখে তজুমদ্দিন উপজেলার শম্ভুপুর ও চাঁচড়া এবং গত ২০ সেপ্টেম্বর চরফ্যাসন উপজেলার চরমাদ্রাজ ও আসলামপুর ইউনিয়ন পরিষদবর্গের সাথে সংলাপ অনুষ্ঠিত হয়। সংলাপে স্থানীয় পর্যায়ে জলবায়ু অর্থায়নে বাস্তবায়িত প্রকল্প ও জলবায়ু সহায়ক নতুন প্রকল্পের প্রয়োজনীয়তা যাচাই করা হয়।সংলাপে স্ব-স্ব ইউনিয়নের চেয়ারম্যান,ইউপি সদস্য,ইউপিসচিব ও বিভিন্ন পর্যায়ের স্থানীয় স্টেকহোল্ডার এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে বিগত বছরের জলবায়ু অর্থায়নে বাস্তবায়িত প্রকল্প ও জলবায়ু সহায়ক নতুন প্রকল্পের তালিকা ইউপি সদস্যবৃন্দ প্রস্তুত করেন।

এই প্রকাশনাটি তৈরিতে প্রয়োজনীয় তথ্য দিয়ে ‘‘ জলবায়ু অর্থায়নের স্বচ্ছতা অর্জন কৌশল’’ প্রকল্পের ভোলা,কক্সবাজার ও পটুয়াখালী জেলার সকল সহকর্মী সহযোগিতা করেছেন। ”বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য”
মোঃ আবুল হাসান
জেলা টিম লিডার
কোস্ট ট্রাস্ট- জলবায়ু অর্থায়নের স্বচ্ছতা অর্জন কৌশল প্রকল্প, পটুয়াখালী।
প্রকল্প কার্যালয়-
পটুয়াখালী থেকে প্রকাশিত ও সংরক্ষিত।
মোবাইল : ০১৭১৩৩২৮৮৩৬
hasan.coastbd@gmail.com/www.coastbd.net